দৈনিক বাংলা

তারিখ ...19 JUL 1990
পৃষ্ঠা... ..7...কলাম..2...

৭৪ (৪)

# প্রশ্নপত্র ফাঁস : কুমিল্লা বোর্ডের বাণিজ্যনীতি পরীক্ষা বাতিল

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯০ সনের উচ্চ মাধ্যমিক পরীক্ষার গত ১৭ই জুলাই তারিখের পূর্বাহ্নে অনুষ্ঠিত বাণিজ্যনীতি প্রথম পত্রের প্রশ্নপত্র ফাঁস হওয়ার প্রেক্ষিতে এই পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে।

বাণিজ্যনীতির প্রথম পত্রের ঐ পরীক্ষা আগামী ৯ই আগস্ট বৃহস্পতিবার পূর্বাহ্নে (সকাল ১০টা থেকে ১টা) অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদেরকে স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার নির্দেশ দেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।